যুগান্তর

তারিখ ...17.SEP. 2015...
পৃষ্ঠা ...২... কলাম ...৬...

২৩ বেসরকারি মেডিকেল কলেজ

# ২০১৩-১৪ শিক্ষাবর্ষে বৈধতা পেল ২২৪ শিক্ষার্থী

যুগান্তর রিপোর্ট

দেশের ২৩টি বেসরকারি মেডিকেল কলেজে ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ২২৪ জন শিক্ষার্থীর বৈধতা দিয়েছেন আপিল বিভাগ। সরকারের আপিল খারিজ করে প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন চার-সদস্যের বেঞ্চ বুধবার এ আদেশ দিয়েছেন।

জানা গেছে, ২০১২-১৩ শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেলগুলোতে ভর্তির জন্য সর্বমোট ১০৫ নম্বর পাওয়ার শর্ত ছিল। পরের শিক্ষাবর্ষে ভর্তির জন্য মন্ত্রণালয় থেকে সর্বমোট ১২০ নম্বর করার সিদ্ধান্ত দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। মন্ত্রণালয়ের এ সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে প্রাইভেট মেডিকেল কলেজ অ্যাসোসিয়েশন হাইকোর্টে রিট করে।

হাইকোর্ট ১২০ নম্বরের শর্তারোপ করে মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন জারি অবৈধ ঘোষণা করে রায় দেন। এ রায়ের পর বেসরকারি মেডিকেল কলেজগুলো পূর্বের শর্তানুযায়ী ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ২২৪ জন শিক্ষার্থী ভর্তি করে। এরপর সরকার হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল করেন। এছাড়া ভর্তিকৃত ছাত্রদের কোনো বৈধতা দিচ্ছিল না সরকার।